

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 07-09-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা শহরে স্লুথু স্লুদর এবং আধুনিক ট্রাফিক ব্যবস্থা গড়ে তুলতে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। গতকাল সচিবালয়ে আগরতলা শহরের ট্রাফিক ব্যবস্থাপনার বিভিন্ন বিষয় নিয়ে মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে স্মার্ট সিটি প্রকল্পের বিভিন্ন কাজ, প্রস্তাবিত উড়াল পুলের বিষয়েও মুখ্যমন্ত্রী খোঁজখবর নেন।

সভায় মুখ্যমন্ত্রী বলেন, আসন্ন শারদোৎসবের আগেই আগরতলা শহরে স্লুথু ট্রাফিক ব্যবস্থা গড়ে তুলতে আধিকারিকদের আরও দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। ব্যস্ত সময়ে রাস্তার পাশে গাড়ি থেকে পণ্য উঠানো নামানো বন্ধ করা, দীর্ঘ সময় ধরে গুরুত্বপূর্ণ রাস্তায় গাড়ি পার্কিং না করা ইত্যাদি বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে মুখ্যমন্ত্রী পরামর্শ দেন। তিনি বলেন, ট্রাফিক ব্যবস্থা সচল রাখতে জনসাধারণের সঙ্গে ভালো ব্যবহার করতে হবে। এভাবে অনেক সমস্যার সমাধান করা যায়। শহরে যানজট কমাতে বিভিন্ন স্থানে হাইড্রোলিক পার্কিং ব্যবস্থা গড়ে তোলা যায় কিনা, সে বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের পরিকল্পনা গ্রহণ করতে বলেন।

বৈঠকে মুখ্যমন্ত্রী আগরতলা শহরের বিভিন্ন রাস্তার পাশে পাকা ড্রেন নির্মাণের অগ্রগতির বিষয়ে খোঁজখবর নেন। এই কাজের জন্য দুর্গাপূজার সময়ে জনসাধারণের যেন কোনও অসুবিধা না হয় তার ব্যবস্থা করতে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন।

Flood Himachal C.M. :

হিমাচল প্রদেশে সাম্প্রতিক ভয়াবহ বন্যায় দুর্গতদের সাহায্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, রাজ্য সরকারের তরফে হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ৫ কোটি টাকা প্রদানের কথা ঘোষণা করেছেন।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, গতকাল হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেন ও রাজ্যে ভয়াবহ বন্যায় যারা প্রাণ হারিয়েছেন সেই সব পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

Northern Railway :

উত্তর রেলওয়ে আগামীকাল সোমবার থেকে লাগাতর পাঁচদিন শ্রী মাতা বৈষ্ণোদেবী কাটরা স্টেশন এবং শংগালদান স্টেশন এর মধ্যে এক জোড়া লোকাল যাত্রী ট্রেন চালাবে। সেই এলাকায় অবিরাম বৃষ্টি এবং রিয়াসি ও রামবান এর আকস্মিক বন্যার কারণে আটকে পড়া যাত্রীদের সাহায্যে উত্তর রেলওয়ে এই উদ্যোগ নিয়েছে। এই রেল পরিষেবা গুরুত্বপূর্ণ সংযোগ স্থাপন

করতে সহায়তা করবে এবং সড়ক সংযোগ পুনরুদ্ধার হওয়া পর্যন্ত এটি একটি জীবনরক্ষাকারী সেবার মতো কাজ করবে।

GST :

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরবর্তী প্রজন্মের জি.এস.টি সংস্কারের মাধ্যমে মধ্যবিত্ত পরিবারগুলিকে উল্লেখযোগ্য স্বস্তি এবং একটি মূল্যবান উপহার দিয়েছেন। শ্রী বৈষ্ণো গতকাল নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে জানান, জিএসটি সংস্কারের ফলে দেশের জিডিপিতে প্রায় ২০ লক্ষ কোটি টাকা যোগ হবে বলে আশা করা হচ্ছে, যা দেশের অর্থনীতিকে উল্লেখযোগ্যভাবে চাঙ্গা করবে।

#####Byte- Ashwini Vaishnaw-1#####

CBIC-Chairman :

Central Board of Indirect Taxes and Customs-এর চেয়ারম্যান সঞ্জয়কুমার আগরওয়াল বলেছেন, দ্বিতীয় প্রজন্মের পণ্য ও পরিষেবা কর সংস্কার দেশে পূর্বকার চারস্তরের কর ব্যবস্থাকে দুই স্তরের কর ব্যবস্থায় নিয়ে এসেছে। এই কর ব্যবস্থায় বর্তমান সংস্কার অনুসারে সাধারণ মানুষের জন্য সর্বনিম্ন আবশ্যিক করকে ৫ শতাংশ হারে সীমিত করা হয়েছে।

ST Welfare Minister :

উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনজাতিদের লুপ্ত প্রায় কৃষ্টি সংস্কৃতিকে পুনরুদ্ধারের লক্ষ্যে রাজ্য সরকার কাজ করে যাচ্ছে। সরকারের মূল উদ্দেশ্য, রাজ্যের মিশ্র সংস্কৃতিকেও আরো মজবুত এবং বিকশিত করা। যাতে জাতি জনজাতি উভয়ের মেলবন্ধনে ত্রিপুরা একটি শক্তিশালী রাজ্য হয়ে ওঠে। ত্রিপুরা স্টেট একাডেমি অফ ট্রাইবেল রিসার্চ এর উদ্যোগে জনজাতি গৌরব উৎসবের অঙ্গ হিসেবে গতকাল জনজাতিদের মধ্যে পোশাক পরিচ্ছদ ও বাদ্যযন্ত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, জাতি জনজাতি একে অপরের খাদ্যাভাস, কৃষ্টি ও সংস্কৃতি ও বিনিময়ের মধ্যে রাজ্যে মিশ্র সংস্কৃতির ভিত আরও শক্তিশালী হবে।

PM Surya Ghar Mufta Bijli Yojana :

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, আগামী দুই বছরের মধ্যে রাজ্যের ৫০ হাজার ভোক্তাকে পি.এম সূর্য ঘর মুফত বিজলি যোজনার অধীনে যুক্ত করে ১৫০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এরজন্য গোটা রাজ্যে এই যোজনায় রেজিস্ট্রেশন প্রক্রিয়া চলছে। গতকাল কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গনে ত্রিপুরা বিদ্যুৎ নিগম আয়োজিত পি এম সূর্য ঘর মুফত বিজলি যোজনার অধীনে মেগা নথীভুক্তিকরণ শিবিরে অংশ নিয়ে তিনি একথা বলেন।

বিদ্যুৎ মন্ত্রী আরো বলেন, রাজ্যে এখন পর্যন্ত ১৬ হাজার ভোক্তা এই যোজনায় নথীভুক্তিকরণ করেছেন। প্রায় এক হাজার ভোক্তা পি.এম সূর্য ঘর মুফত বিজলি

যোজনার সুবিধা গ্রহণ করে দৈনিক মোট প্রায় তিন মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন
করছেন।

GIRLS` FOOTBAL :

রাজমাতা জিজাবাই মেয়েদের জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতায় গ্রুপের
দ্বিতীয় ম্যাচেও ত্রিপুরা পরাজিত হয়েছে। আসামের ডিফুতে গতকাল অনুষ্ঠিত
খেলায় আসাম ৭-০ গোলে রাজ্যদলকে হারিয়ে দেয়।

FOOTBALL :

চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবলের সুপার লিগের দ্বিতীয় খেলায়
ব্লাডমাউথ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে
নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ১-০ গোলে নাইন বুলেটস ক্লাবকে
পরাজিত করে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত: মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ দু'এক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগরতলা ও তার আশেপাশে আজ ভোরের বৃষ্টিতে গরম থেকে কিছুটা স্বস্তি অনুভব করা যাচ্ছে। আগরতলা ও তার আশেপাশে আজ সকাল পর্যন্ত গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৬৭.৬ মিলিমিটার। রাজ্যের পশ্চিম জেলা, সিপাহীজলা ও গোমতী জেলার কোথাও কোথাও ভারী বৃষ্টিপাতের সতর্কতা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.২ ডিগ্রি সেনসিয়াস ও দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।
